

14065 - রোয়া অবস্থায় কুলি করার হ্রকুম

প্রশ্ন

রোয়া অবস্থায় ওয়ুর সময় মুখে পানি নেয়ার হ্রকুম কী?

প্রিয় উত্তর

একজন মুমিন পরিপূর্ণভাবে ওয়ু করতে আদিষ্ট। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই মর্মে আদেশ করেছেন, তিনি বলেন: “ওয়ুকে পরিপূর্ণ করুন, আঙুলগুলোর মাঝে খিলাল করুন, জোরালোভাবে নাকে পানি দিন; যদি না আপনি রোয়াদার হন”।[সুনানে তিরমিয় (আস-সাওম/৭৮৮), সুনানে আবু দাউদ (১৪২), আলবানী ‘সহিহ সুনানিত তিরমিয়’ গ্রন্থে (৬৩১) হাদিসটিকে সহিহ বলেছেন]

এখানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রোয়া অবস্থায় প্রকৃষ্টভাবে কুলি ও নাকে পানি দেয়া থেকে বিরত থাকার প্রতি দৃষ্টি আকর্ষণ করছেন; যাতে করে এটি হারামের দিকে পর্যবসিত না করে। আর তা হলো রোয়া অবস্থায় পানি পেটে চলে যাওয়া। কিন্তু রোয়া অবস্থায় নিছক কুলি করায় কোন আপত্তি নেই; যদি রোয়াদারের পেটে পানি চলে না যায়।

তাই উমর ইবনুল খাতাব (রাঃ) এর থেকে বর্ণিত সহিহ হাদিসে এসেছে যে, তিনি বলেন: একবার আমি রোয়া অবস্থায় চাঙাবোধ করে চুম্বন করলাম। তখন বললাম: ইয়া রাসূলুল্লাহ! আজ আমি জঘন্য কিছু করে ফেলেছি। আমি রোয়া রেখে চুম্বন করে ফেলেছি। তিনি বললেন: আপনি যদি রোয়া রেখে কুলি করেন; তাহলে সেটাকে কেমন মনে করেন? আমি বললাম: অসুবিধা নাই। তিনি বললেন: তাহলে এই প্রশ্ন কেন? [সুনানে আবু দাউদ (সাওম অধ্যায়/২০৩৭), আলবানী সহিহ সুনানে দাউদ গ্রন্থে (২০৮৯) হাদিসটিকে সহিহ বলেছেন]

হাদিসটির ব্যাখ্যাকার বলেন: তাঁর বাণী: “আপনি যদি রোয়া রেখে কুলি করেন; তাহলে সেটাকে কেমন মনে করেন”: এর মধ্যে চমৎকার ফিকাহ (সূক্ষ্মবোধ) এর দিকে ইঙ্গিত রয়েছে। সেটা হলো: কুলি করা রোয়াকে ভঙ্গ করবে না। যেহেতু কুলি হলো পান করার পূর্বধাপ...।

আল্লাহই সর্বজ্ঞ।